DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) ▯ তৈরি: 16 Jul 2026, 04:34 PM

আইন-আদালত

# চেক ডিজঅনার মামলায় সালমান এফ রহমানের জামিন

প্রতিবেদক: Dhaka Probe
প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ১৬ জুলাই ২০২৬, ০৮:১৮ PM



১১২ কোটি টাকার চেক ডিজঅনারের এক মামলায় সাবেক স্বৈরাচারী প্রধানমন্ত্রী শেখ হাসিনার শিল্প ও বিনিয়োগ উপদেষ্টা এবং বেক্সিমকো গ্রুপের ভাইস চেয়ারম্যান সালমান এফ রহমানের জামিন মঞ্জুর করেছেন আদালত।

বৃহস্পতিবার (১৬ জুলাই) দুপুরে শুনানি শেষে ঢাকার অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট জশিতা ইসলামের আদালত এক হাজার টাকার মুচলেকায় তার জামিন আবেদন মঞ্জুর করেন। বিষয়টি নিশ্চিত করেছেন আসামিপক্ষের আইনজীবী মোহাদ্দেসুল আমিন।

মামলার অভিযোগ সূত্রে জানা গেছে, ব্যাংকের বারবার তাগিদের পর বেক্সিমকো এলপিজি ইউনিট-১ লিমিটেডের পক্ষে ১১২ কোটি টাকার একটি চেক ইস্যু করা হয়। ২০২৫ সালের ১৯ নভেম্বর চেকটি এক্সিম ব্যাংকের হেড অফিস করপোরেট শাখায় জমা দিলে একই দিন ব্যাংক সেটি "Insufficient Fund" (অপর্যাপ্ত তহবিল) উল্লেখ করে ফেরত দেয়। পরবর্তী সময়ে ২৬ নভেম্বর নিবন্ধিত ডাকযোগে আইনি নোটিশ পাঠিয়ে ৩০ দিনের মধ্যে চেকের অর্থ পরিশোধের কথা জানানো হলেও নির্ধারিত সময়ের মধ্যে আসামিরা অর্থ পরিশোধ করেননি।

## এ বিভাগের আরও খবর



### ভরণপোষণ শিশুর আইনগত অধিকার, মা-বাবার তালাকের ওপর নির্ভরশীল নয় : হাইকোর্ট

আইন অনুযায়ী প্রমাণিত বা কার্যকর নয় এমন তালাকের অজুহাতে স্ত্রী ও নাবালক সন্তানের ভরণপোষণ কিংবা দেনমোহরের ডিক্রির বাস্তবায়ন বন্ধ করা যাবে না ব...



### রাজধানীতে ডিএমপির অভিযানে গ্রেপ্তার ৪৮৭

রাজধানীতে গত ২৪ ঘণ্টায় নিয়মিত অভিযান চালিয়ে ৪৮৭ জনকে গ্রেপ্তার করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)। এ সময়ে বিভিন্ন অপরাধে ৩৬টি মামলা দায়ের...



### রাষ্ট্রদ্রোহ মামলায় ফ্যাসিস্ট হাসিনাসহ ২৮৬ জনের চার্জ শুনানি ৩০ সেপ্টেম্বর

জয় বাংলা ব্রিগেড▯র জুম মিটিংয়ে অংশ নিয়ে অন্তর্বর্তী সরকারকে উৎখাত ও রাষ্ট্রবিরোধী কর্মকাণ্ডে অংশ নেওয়ার অভিযোগে করা মামলায় ক্ষমতাচ্যুত ...




**সহকারী কমিশনারদের নির্বাহী ম্যাজিস্ট্রেট পরিচয় দেওয়া নিয়ে বিতর্ক ও বাস্তবতা**

সম্প্রতি সহকারী কমিশনারদের নির্বাহী ম্যাজিস্ট্রেট পরিচয় দেওয়া নিয়ে একটি জাতীয় দৈনিকে প্রকাশিত একটি নিবন্ধ ঘিরে বিতর্ক তৈরি হয়েছে। প্রতিবেদ...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/law-court/chek-dijonar-mamlay-salman-ef-rhmaner-jamin